

## 📃 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০ : ১২০

## **আ** আরবি মূল আয়াত:

## فَوَسوَسَ اللهِ الشَّيطنُ قَالَ يَادَمُ هَل اَدُلُّكَ عَلَى شَجَرَةِ الخُلدِ وَ مُلكٍ لَّا يَبلى ﴿١٢٠﴾

## 

অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিল, বলল, 'হে আদম, আমি কি তোমাকে বলে দিব অনন্ত জীবনপ্রদ গাছ এবং অক্ষয় রাজত্ব সম্পর্কে?' — আল-বায়ান

কিন্তু শয়ত্বান তাকে কুমন্ত্রণা দিল। সে বলল, 'হে আদাম! আমি কি তোমাকে জানিয়ে দেব চিরস্থায়ী জীবনদায়ী গাছের কথা আর এমন রাজ্যের কথা যা কোনদিন ক্ষয় হবে না?' — তাইসিক্রল

অতঃপর শাইতান তাকে কুমন্ত্রণা দিল; সে বললঃ হে আদম! আমি কি তোমাকে বলে দিব অনন্ত জীবনপ্রদ বৃক্ষের কথা ও অক্ষয় রাজ্যের কথা? — মুজিবুর রহমান

Then Satan whispered to him; he said, "O Adam, shall I direct you to the tree of eternity and possession that will not deteriorate?" — Sahih International

১২০. অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিল; সে বলল, হে আদম! আমি কি আপনাকে বলে দেব অনন্ত জীবনদায়িনী গাছের কথা ও অক্ষয় রাজ্যের কথা?(১)

(১) অন্যত্র আমরা শয়তানের কথাবার্তার আরো যে বিস্তারিত বিবরণ পাই তা হচ্ছে এই যে, "আর সে বললো, তোমাদের রব তোমাদেরকে এ গাছটি থেকে শুধুমাত্র এ জন্য বিরত রেখেছেন, যাতে তোমরা দু'জন ফেরেশতা অথবা চিরঞ্জাব না হয়ে যাও।" [সূরা আল-আ'রাফঃ ২০]

তাফসীরে জাকারিয়া

(১২০) অতঃপর শয়তান তাকে কুমন্ত্রণা দিল। সে বলল, 'হে আদম! আমি কি তোমাকে বলে দেব অনন্ত জীবনপ্রদ বৃক্ষ ও অক্ষয় রাজ্যের কথা?'

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2468

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন